

আগামী বছরের ১৩ই এপ্রিল ক্যাম্বেলটাউন মাল্টিকালচারাল বৈশাখী উৎসব

### [Multicultural-Mela]

২০১৯ সালে ১৩ই এপ্রিল ক্যাম্বেলটাউনের মাল্টিকালচারাল বৈশাখী উৎসব অনুষ্ঠিত হবে। এই মাল্টিকালচারাল বৈশাখী উৎসবের আয়োজকদের অন্যতম ক্যাম্বেলটাউন সিটি কাউন্সিলের কাউন্সিলর মাসুদ চৌধুরী জানান, বৈশাখী উৎসবের বিভিন্ন বিষয় নিয়ে তারা আলোচনা শুরু করেছেন, প্রয়োজনীয় পদক্ষেপ নিচ্ছেন এবং তারই অংশ হিসাবে আগামী বছরের ১৩ই এপ্রিল ক্যাম্বেলটাউনের মাল্টিকালচারাল বৈশাখী উৎসব আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। তিনি আরো জানান, খুব শীঘ্রই মাল্টিকালচারাল এই বৈশাখী উৎসব নিয়ে ঈদের পর বাংলাদেশি কমিউনিটির বিভিন্ন সংগঠনের সাথে মতবিনিময় করা হবে।

প্রসঙ্গত এই মাল্টিকালচারাল বৈশাখী উৎসব আয়োজন করতে ৬ই মে ক্যাম্বেলটাউনের স্থানীয় একটি অফিসে একটি সভার আয়োজন করা হয়। সভায় কাউন্সিলর মাসুদ চৌধুরী, বিশিষ্ট ব্যবসায়ী ও সমাজসেবক এনাম হক সহ বাংলাদেশ, ভারত, নেপালী ও পাকিস্তানি কমিউনিটির সামাজিক-সাংস্কৃতিক সংগঠনগুলোর নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

Thanks and Regards,  
Masood Chowdhury  
0433 211 668 (Mob)

